গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-১৪১৭

তারিখঃ ০৭ পৌষ' ১৪২৯
২২ ডিসেম্বর' ২০২২

কারা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব এ এস এম আনিসুল হক
কারা মহাপরিদর্শক
সভার স্থান : Zoom online platform
সভার তারিখ ও সময় : ২২-১২-২০২২ খ্রি:, বেলা ১২.৩০ ঘটিকায়।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন-যে, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে ২০১২ খ্রিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। তিনি সরকারের এ সুদূরপ্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন এবং অধিদপ্তরের সেবা গ্রহীতাগণের সেবা সহজে তাদের দোরগোড়ায় পৌছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

০২। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত অংশীজনকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন।

ক) গণপূর্ত অধিদপ্তর হতে নির্বাহী প্রকৌশলী জনাব এ এস এম ফিরোজ সভাকে অবহিত করেন যে, গণপূর্ত বিভাগ কারাগার সংশ্লিষ্ট বিভিন্ন অবকাঠামোর সাথে জড়িত যেমন বৈদ্যুতিক, নির্মাণ, বিভিন্ন অবকাঠামো ব্যবস্থাপনা ইত্যাদি। তিনি সভাকে জানান, কারাগারগুলিতে কাজের কর্মঘন্টা বাড়িয়ে পারস্পরিক সমন্বয় ও দ্রুত সাড়া প্রদানের মাধ্যমে কাজ করা গেলে অবকাঠামোগত এবং অন্যান্য কাজের দ্রুত অগগতি সাধিত হবে।

খ) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সহকারী পরিচালক জনাব তন্ময় গাইন সভাকে জানান যে, কারাগারগুলো থেকে আর্থিকভাবে অসচ্ছল যেসব বন্দিরা সরকারি উকিলের জন্য আবেদন করে সেকল আবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে করতে হবে যাতে করে জাতীয় আইনগত সংস্থা তাদের জন্য সরকারি উকিল বিনামূল্যে নিয়োগ করে সেবা প্রদান করতে পারে। কারা বিধি মোতাবেক জেলা ও দায়রা জজ কারাগার ভ্রমণ করে থাকেন। একই রুপ জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার কর্মকর্তাগণ ও যেন কারাগার ভ্রমণ করতে পারে সে ব্যাপারে তিনি কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

গ) স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি ডাক্তার মোঃ সাজ্জাদ হোসেন সভাকে বলেন যে, স্বাস্থ্য অধিদপ্তর সবসময় কারা অধিদপ্তর ও কারাগারগুলোর বন্দিদের সাথে আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে কারাগার সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ করা হচ্ছে এবং সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি কারা মহাপরিদর্শক মহোদয়কে আশ্বস্থ করেন।

ঘ) সিভিল সার্জনের কার্যালয়, ঢাকার প্রতিনিধি ডাক্তার সুমনা সুইটি সভাকে জানান যে, সিভিল সার্জন অফিস, ঢাকা সবসময় কারা অধিদপ্তর ও কারাগারগুলোর বন্দিদের পাশে থেকে আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতে কারাগারগুলোতে বন্দির চিকিৎসা এবং স্বাস্থ্য সেবা সংক্রান্ত যেকোন ধরণের সেবার জন্য সিভিল সার্জন অফিস, ঢাকা কারা অধিদপ্তরের পাশে থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

ঙ) কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. সঞ্জয় চক্রবর্তী প্রকল্প সংক্রান্ত বিভিন্ন ধরণের অগ্রগতির খোজ-খবর নেয়ার জন্য সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহীর নির্মাণ কার্য সম্পন্ন হলে কারা অধিদপ্তর তথা কারাগারগুলোর প্রশিক্ষণ ও বিভিন্ন ধরণের গবেষণা কার্যকমের সুদূরপ্রসারী অগ্রগতি সাধিত হবে বলে তিনি মনে করেন।

চ)	কারা উপ-মহাপরিদর্শক, রাজশাহী বিভাগ হতে জনাব অসীম কান্ত পাল জানান, বিভাগীয় কার্যালয়ের জন্য নির্দিষ্ট সেবা প্রদান প্রতিশুতি প্রস্তুত করে নিয়মিত হালনাগাদের মাধ্যমে সাধারণ নাগরিক সেবার জন্য কিভাবে সহজে তথ্য প্রাপ্তি নিশ্চিত করা যায় সে বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

ছ)	কারা উপ-মহাপরিদর্শক, চট্রগ্রাম বিভাগ হতে জনাব মোঃ আলতাব হোসেন সভায় কারাগারের অভ্যন্তরীণ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং প্রিজন সেল চালু করার বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনা আশা করেন।

জ)	কারা উপ-মহাপরিদর্শক, খুলনা বিভাগ হতে জনাব মোঃ ছগির মিয়া সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন, বন্দির স্বজনদের দেখা-সাক্ষাতের বিষয়, অনলাইনে তথ্য প্রাপ্তির বিষয় ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বন্দির স্বজনদের দেখা-সাক্ষাতের বিষয় ও অনলাইনে সঠিক প্রক্রিয়ার মাধ্যমে কিভাবে সাধারন নাগরিকদের আরও যুগোপযোগী সেবা প্রদান করা যায়, সে বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনা আশা করেন।

ঝ)	কারা উপ- মহাপরিদর্শক, ময়মনসিংহ বিভাগ হতে জনাব মোঃ জাহাঙ্গীর কবির সভায় জানান কারাগারগুলোতে সহকারী সার্জন ছুটিতে থাকাকালীন চিকিৎসা সেবা তাৎক্ষণিক ভাবে ব্যহত হয়। সহকারী সার্জনের ছুটিকালীন স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে ডাক্তার পদায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি এবং কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

ঞ)	কারা উপ-মহাপরিদর্শক, রংপুর বিভাগ হতে কারা উপ-মহাপরিদর্শকের পক্ষে জনাব প্রশান্ত কুমার বণিক সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের জন্য স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে হালনাগাদ করার যথার্থ উদ্যোগ গ্রহণ করার জন্য কারা মহাপরিদর্শক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

০৪।	অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | সকল দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিকভিত্তিতে যুগোপযোগী করে হালনাগাদ করতে হবে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে প্রদর্শন ও কারাগারের সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে; | কারা উপ-মহাপরিদর্শক (সকল) এবং সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |
| ২. | কর্মকর্তা কর্মচারীদের আচরণগত মানোন্নয়ন ও শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে; | কারা উপ-মহাপরিদর্শক (সকল) সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া)। |
| ৩. | অভিযোগ বক্সের মাধ্যমে অথবা প্রচলিত পদ্ধতিতে প্রাপ্ত অভিযোগ আমলে নিয়ে সঠিকভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে; | স্ব স্ব দপ্তরের অনিক ও আপিল কর্মকর্তা |
| ৪. | সেবার মান উন্নয়নের জন্য সেবা প্রদান কার্যক্রম মনিটরিং করতে হবে এবং সেবার মান বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে; | কারা উপ-মহাপরিদর্শক (সকল) এবং সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |
| ৫. | সুশাসন প্রতিষ্ঠা ও জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির ক্ষেত্রে সরকারের গৃহীত পদক্ষেপগুলো জনগণের মাঝে প্রচারের ব্যবস্থা করতে হবে। | কারা উপ-মহাপরিদর্শক (সকল) এবং সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |
| ৬. | সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথ বাস্তবায়নের জন্য স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে হালনাগাদ করার যথার্থ উদ্যোগ গ্রহণ করতে হবে। | কারা উপ-মহাপরিদর্শক (সকল) এবং সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)। |

সভাপতি, সভায় অংশগ্রহণকারী অংশীজনকে সেবা সহজীকরণের বিষয়ে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন এবং অংশীজনকেও স্ব স্ব অবস্থান থেকে অধিদপ্তরকে সহযোগিতার জন্য আশাবাদ ব্যক্ত করেন। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২২

এ এস এম আনিসুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-১৪১৭

তারিখঃ ০৭ পৌষ' ১৪২৯ / ২২ ডিসেম্বর' ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার, ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন) পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮। গার্ড ফাইল।

২২/১২/২২

মোহাম্মদ সাজ্জাদ হোসেন
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৫১৩ (দপ্তর)

*সুশাসন/২০২২-২৩/মিন্টু*